



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০৭.২৩.১২৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯

২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৪৫৭/২০২৩ এর ০৬/০২/২০২৩ তারিখের রুল ও আরজির প্রেক্ষিতে পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৬/০২/২০২৩ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত ও প্রেরিত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ অনুযায়ী ঢাকা মহানগরীয় এলাকায় অবস্থিত উড়ালসেতুতে পোস্টার লাগানো এবং অবৈধ মালামাল/দোকান পরিস্কার/অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিউম্যান রাইটস এন্ড পীস ফর বাংলাদেশ এর সভাপতি, অ্যাডভোকেট মো. সারওয়ার আহাদ চৌধুরী, হল নং ২, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন, ঢাকা, বাংলাদেশ এবং অন্যান্য কর্তৃক এ বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং সড়ক পরিবহন ও সেতু বিভাগের সচিব মহোদয়কে ৩নং বিবাদীসহ মোট ০৯ (নয়) জনকে প্রতিপক্ষ করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৫৭/২০২৩ দায়ের করেন। মাননীয় আদালত শুনানী অন্তে গত ০৬/০২/২০২৩ খ্রিঃ তারিখে নিম্নরূপ আদেশ দিয়েছেন:

“.....Pending disposal of the Rule, the respondents concerned are hereby directed to take appropriate legal action against the person(s) concerned who is/are liable for graffiti writing and pasting posters on the respective flyover walls across the city situated within Dhaka Metropolitan City, Dhaka as per Section 6 of the Graffiti Writing and posters sticking Control Act, 2012 and also, to take effective steps to clean/remove all graffiti writing and pasting posters from flyover walls and illegal goods/shops/structures on and under flyovers across the city situated within Dhaka Metropolitan City, Dhaka, in due compliance of law, within 2(two) weeks from the date of receipt of the copy of this order and submit affidavit of compliance to that effect”

২। এমতাবস্থায়, বিবেচ্য রিট পিটিশনে রুল ও আরজির প্রেক্ষিতে প্রয়োজনে সময়ের আবেদনসহ এ বিভাগের সচিব তথা সরকার পক্ষে মামলা পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। রুল ও আরজির কপি ----- পাতা।

২। ওকালতনামা ১ (এক) কপি।

৩। অথরিটি লেটার ১ (এক) কপি।

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

২৮-২-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: lglaw2@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০০৭.২৩.১২৩/১

তারিখ: ১৫ ফাগুন ১৪২৯

২৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন
- ৪) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
- ৫) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
- ৬) জেলা প্রশাসক, , ঢাকা
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৮) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২৮-২-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)